যায়যায়দিন

তারিখ 18 SEP 2009
পৃষ্ঠা ৩ কলাম ১

ঈদের পরই বিশ্ববিদ্যালয়ে ভর্তিযুদ্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঈদের পর থেকে শুরু হচ্ছে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তিযুদ্ধ। ইতিমধ্যে দেশের কয়েকটি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। অনেক বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণও শুরু হয়েছে। ২৩ আগস্ট থেকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষার ফরম বিতরণের মধ্য দিয়ে শুরু হয় এ বছরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম। আর সবার আগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ অক্টোবর ১৭ মেডিকেল কলেজের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিতরণ ও জমা চলবে ১ অক্টোবর থেকে টানা ১৯ অক্টোবর পর্যন্ত। ৬ নভেম্বর থেকে শুরু হবে ভর্তি পরীক্ষা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১ নভেম্বর থেকে ১২ নভেম্বরের মধ্যে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩১ অক্টোবর। এভাবে সবক'টি বিশ্ববিদ্যালয়ে চলবে লাগাতার পরীক্ষা। এসব ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যাবে ািি.পধসঢ়ঁংসরৎৎড়ৎ.পড়স ওয়েবসাইটে।

এবার এসএসসি ও সমমান ১০টি শিক্ষা বোর্ডে পাস করেছে চার লাখ ৪২ হাজার ৩৮৯ জন। সূত্র জানায়, দেশে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মোট আসন রয়েছে প্রায় ২৬ হাজার। ১৭টি সরকারি মেডিকেল কলেজে আসন রয়েছে ২ হাজার ২৫০টি। পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের ২৮ হাজার আসনের বিপরীতে প্রায় সোয়া ৩ লাখ শিক্ষার্থী প্রতিযোগিতা করবে। ফলে অনেকেই জিপিএ-৫ পেয়েও বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়ে চান্স পাবে না। দেশের ৩২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ছাড়া বাকি ২৯টিতে আসন রয়েছে প্রায় ২৬ হাজার।

সংশ্লিষ্টরা জানিয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা ৫ হাজার ২৮৯টি। বুয়েটের পাঁচটি অনুষদে আসন রয়েছে ৮৮৬টি। এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৩৫০, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১ হাজার ২৮৩টি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার শিক্ষার্থী ভর্তি করা হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৪০০, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ১ হাজার ২২০টি আসন রয়েছে। শাহ্ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ হাজার ২৫০টি আসন রয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ে ৬০০, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৬৩৮ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে মোট ১০০ আসন রয়েছে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ৩৭৫টি আসন রয়েছে। হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩৩০টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সাড়ে তিনশ' আসন রয়েছে। ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সাড়ে পাঁচশ' আসন রয়েছে। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৮৫টি আসন রয়েছে। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৩১টি আসন রয়েছে। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪৮৫টি আসন রয়েছে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১৮০টি আসন রয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ৩০০ আসন রয়েছে। কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে প্রায় ৩০০ আসন রয়েছে। এছাড়া সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রায় ২০০ ও চট্টগ্রাম ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে

> ➤ ১০ শিক্ষা বোর্ডে পাস করেছে ৪ লাখ ৪২ হাজার ৩৮৯
>
> ➤ সারাদেশে মোট আসন সংখ্যা ৪ লাখ ৩৫ হাজার ১১২

১৫০টি আসন রয়েছে। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ প্রফেশনাল ও রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে প্রায় ১ হাজার আসন রয়েছে। আর দেশের ১৭টি সরকারি মেডিকেল কলেজে মোট ২ হাজার ২৫০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে।

সরকারি হিসাব অনুযায়ী, দেশে ১ হাজার চারশ' ৫০টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে মোট আসন রয়েছে ১ লাখ ৭৬ হাজার ৫৯২টি। জানা গেছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রায় ১ হাজার ৭০০ প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি করা হয়। এর মধ্যে ১৯৫টি অনার্স কলেজ ও ৪৭টি প্রফেসনাল কলেজে আসন রয়েছে ১ লাখ ৬০ হাজার ৭৭৫টি।

বাকি কলেজগুলোতে ডিগ্রি (পাস) কোর্সে প্রায় ৭০ হাজার শিক্ষার্থী ভর্তি করা হবে। এছাড়া দেশের ৫১টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে প্রায় ১৬ হাজার শিক্ষার্থী ভর্তি করা হবে। সরকারি হিসাব অনুযায়ী, স্নাতক (সম্মান) ও সমমান পর্যায়ে মোট ৪ লাখ ৩৫ হাজার ১১২টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হয়।

বুয়েট : বাংলা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি ফরম বিতরণ ও জমা নেয়া শুরু হয়েছে ২৩ আগস্ট থেকে। বিশ্ববিদ্যালয়ের (ািি.নঁবঃ.ধপ.নফ) ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহ করে ১২ সেপ্টেম্বর বিকাল ৩টার মধ্যে রেজিস্ট্রার অফিসে সরাসরি ফরম জমা দিতে হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৭ অক্টোবর সকাল ৯টায়।

মেডিকেল কলেজ : ১৭টি সরকারি মেডিকেল কলেজের ভর্তি ফরম বিক্রি শুরু হয় ২৫ আগস্ট থেকে। চলে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯ অক্টোবর সকাল ১০টায়। ১৭টি মেডিকেলে এবার ২ হাজার ২৫০টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৬ নভেম্বর কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত 'ক' ইউনিট ১৩ নভেম্বর, বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্ভুক্ত 'গ' ইউনিট ২০ নভেম্বর, বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিট ৪ ডিসেম্বর, চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিট ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিকেল কলেজের 'ঙ' ইউনিটের ভর্তি পরীক্ষা ৬ নভেম্বর অনুষ্ঠিত হবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে ২৫ আগস্ট থেকে। ফরম বিতরণ ও জমাদান চলে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের (ািি.ৎঁ.ধপ.নফ) ওয়েবসাইট থেকে ফরম সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ভর্তি পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে জানিয়ে দেয়া হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ ও জমা নেয়া হবে ১ অক্টোবর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১ নভেম্বর থেকে ১২ নভেম্বরের মধ্যে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম বিতরণ ও জমা নেয়া হয় ১৫ সেপ্টেম্বর পর্যন্ত।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় : খুল প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফরম বিতরণ শু হয় ৬ সেপ্টেম্বর। চলবে ১৮ অক্টোবর পর্যন্ত। ভ পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩১ অক্টোবর।

ইসলামী বিশ্ববিদ্যালয় : ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভ ফরম বিতরণ ও জমা চলবে ৭ সেপ্টেম্বর থেকে অক্টোবর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ নভে থেকে ১৮ নভেম্বর পর্যন্ত।